গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

**নম্বর:** ৩৪.০০.০০০০.০০০.০৫১.২২.০০২৮.২৬.৬০৮

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ১১ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

# যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের বদলি/পদায়ন নীতিমালা, ২০২৬

## ১. প্রস্তাবনা

যুব উন্নয়ন অধিদপ্তর দেশের যুবসমাজের দক্ষতা উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও সামাজিক অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই লক্ষ্য বাস্তবায়নে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা সারা দেশে ছড়িয়ে থাকা বিভিন্ন কার্যালয়, যুব প্রশিক্ষণ কেন্দ্র ও প্রকল্পে নিয়োজিত থাকেন। তাদের দক্ষতার সুষম ব্যবহার, পেশাগত উন্নয়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে একটি যুগোপযোগী ও অন্তর্ভুক্তিমূলক বদলি নীতিমালা অপরিহার্য।

## ২. নীতিমালার উদ্দেশ্য

১. জনবলের সর্বোত্তম ব্যবহার ও দক্ষতার সুষম বণ্টন নিশ্চিত করা।
২. কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত দক্ষতা ও অভিজ্ঞতার বিকাশ ঘটানো।
৩. দুর্গম ও প্রতিকূল এলাকায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য বিশেষ বিবেচনা প্রদান।
৪. বদলি প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও তথ্যের নির্ভুলতা নিশ্চিত করা।
৫. যুব উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতা ও গুণগত মান বজায় রাখা।
৬. আর্থিক দায়বদ্ধতা ও দুর্নীতি প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ।
৭. কর্মকর্তা-কর্মচারীদের নিজ জেলার নিকটবর্তী এলাকায় পদায়নে অগ্রাধিকার প্রদান।

## ৩. নীতিমালার পরিধি

এই নীতিমালা যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন সকল কর্মকর্তা-কর্মচারী (স্থায়ী, অস্থায়ী, প্রেষণ) এবং অধিদপ্তরের অধীনস্থ সকল দপ্তর, জেলা/উপজেলা কার্যালয়, যুব প্রশিক্ষণ কেন্দ্র ও আঞ্চলিক কার্যালয়ে প্রযোজ্য হবে।

## ৪. সংজ্ঞা ও ব্যাখ্যা

(ক) **বদলি/পদায়ন:** জনস্বার্থে বা প্রশাসনিক প্রয়োজনে কোনো কর্মকর্তা-কর্মচারীকে তার বর্তমান কর্মস্থল থেকে অন্য কোনো কর্মস্থলে বদলি/স্থানান্তর করা।
(খ) **দুর্গম ও প্রতিকূল এলাকা:** যেসব এলাকায় যোগাযোগ ব্যবস্থা, সামাজিক নিরাপত্তা, স্বাস্থ্য ও শিক্ষা সুবিধা ইত্যাদি ক্ষেত্রে অন্যান্য এলাকার তুলনায় স্বল্পতা বিদ্যমান; যা সময়ে সময়ে সরকার কর্তৃক ঘোষিত হবে।
(গ) **মাঠ পদায়ন:** অধিদপ্তরের সদর দপ্তর ছাড়া মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয়, যুব প্রশিক্ষণ কেন্দ্র বা প্রকল্পে কর্মরত অবস্থা।
(ঘ) **GEMS (Government Employee Management System):** সরকারি কর্মকর্তা-কর্মচারীদের তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য ব্যবহৃত কেন্দ্রীয় ডিজিটাল প্ল্যাটফর্ম।
(ঙ) **নিজ জেলা:** কর্মকর্তা-কর্মচারীর স্থায়ী ঠিকানাভুক্ত জেলা ও স্পাউজের (বিবাহ পূর্ববর্তী) স্থায়ী ঠিকানাভুক্ত জেলাকে বুঝাবে।
(চ) **নিজ জেলার নিকটবর্তী এলাকা:** নিজ জেলার সীমান্তবর্তী বা নিকটবর্তী উপজেলা/জেলা।

## ৫. বদলি/পদায়ন সংক্রান্ত মূলনীতি

### ৫.১ সাধারণ বিধান

(ক) যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের দেশের যেকোনো জেলা বা উপজেলায় বদলি/পদায়ন করা যাবে।

(খ) **আর্থিক দায়বদ্ধতা ও দুর্নীতি প্রতিরোধের স্বার্থে** দপ্তর প্রধান হিসেবে কোন কর্মকর্তা-কর্মচারীকে তার নিজ জেলা বা নিজ উপজেলায় পদায়ন করা যাবে না। তবে দপ্তর প্রধান ব্যতীত অন্য কোন কর্মকর্তা/কর্মচারীকে বিশেষ প্রয়োজনে (যেমন: স্বামী-স্ত্রী উভয়ের চাকরির কর্মস্থল, শারীরিক প্রতিবন্ধকতা, বা জরুরি চিকিৎসাজনিত কারণ) তার নিজ জেলা/উপজেলায় পদায়নের জন্য বিবেচনা করা যাবে। এই বিধান ঋণ বিতরণ, প্রশিক্ষণ বরাদ্দ, প্রকল্প বাস্তবায়ন ও অন্যান্য আর্থিক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে অনুসরণ করতে হবে।

(গ) কোনো কর্মকর্তা-কর্মচারীকে সাধারণত ০৩ (তিন) বছর মেয়াদের জন্য একটি নির্দিষ্ট জেলা/উপজেলায় পদায়ন করা হবে। ০৩ (তিন) বছর পূর্তিতে অন্যত্র বদলী/পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) দুর্গম ও প্রতিকূল এলাকায় কর্মরতদের ক্ষেত্রে উক্ত মেয়াদ হবে ২ (দুই) বছর। কোন কর্মকর্তা ০২ (দুই) বছর একই কর্মস্থলে সন্তোষজনক ভাবে চাকুরী করলে তিনি অপেক্ষাকৃত সুবিধাজনক কর্মস্থলে পদায়নের জন্য বিবেচিত হবেন।

(ঙ) কোনো কর্মকর্তা-কর্মচারী তার বদলির আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করবেন। মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী বা সচিব বরাবর সরাসরি কোন আবেদন করলে তা চাকুরি শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রম হিসেবে গণ্য হবেন।

(চ) **যুব উন্নয়ন অধিদপ্তরের নিম্ন গ্রেডের (গ্রেড ১০-২০) কর্মকর্তা-কর্মচারীদের** নিজ জেলার নিকটবর্তী এলাকায় পদায়নে অগ্রাধিকার দেওয়া হবে।

(ছ) কোনো কর্মকর্তা-কর্মচারীকে সাধারণত একই কর্মস্থলে ২য় বার পদায়ন করা যাবে না। তবে, বিশেষ প্রেক্ষাপটে (যেমন: স্বামী-স্ত্রী উভয়ের চাকরির কর্মস্থল, শারীরিক প্রতিবন্ধকতা, বা জরুরি চিকিৎসাজনিত কারণ) মহাপরিচালক অথবা মন্ত্রণালয় বিশেষ বিবেচনায় ব্যতিক্রমী সিদ্ধান্ত নিতে পারবেন।

### ৫.২ GEMS তথ্য হালনাগাদকরণ

(ক) যুব উন্নয়ন অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য **GEMS-এ তাদের সর্বশেষ পদায়ন, বদলি, প্রশিক্ষণ ও কর্মসংক্রান্ত সকল তথ্য আবশ্যিকভাবে হালনাগাদ করা বাধ্যতামূলক**।

(খ) বদলি/পদায়ন সংক্রান্ত কোনোরূপ আদেশ জারির পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর GEMS-এর তথ্য যথাযথভাবে হালনাগাদকৃত আছে কিনা তা যাচাই করতে হবে।

(গ) GEMS-এ তথ্য হালনাগাদ না করলে বদলি/পদায়ন সংক্রান্ত আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

(ঘ) প্রতিটি বদলি/পদায়নকৃত পদে যোগদানের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে GEMS-এ তার তথ্য হালনাগাদ করতে হবে।

### ৫.৩ ৯ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাদের বদলি

(ক) যুব উন্নয়ন অধিদপ্তরের **৯ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাদের বদলি/পদায়ন** সংশ্লিষ্ট **মন্ত্রণালয়** (যুব ও ক্রীড়া মন্ত্রণালয়) কর্তৃক অনুমোদিত হবে।

(খ) অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত বদলির তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে বদলি আদেশ জারি করা হবে।

(গ) ১০ম–২০তম গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে অধিদপ্তরের মহাপরিচালক বদলি সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে ক্ষমতাবান হবেন। তবে বিশেষকারণে মন্ত্রণালয়ের পরামর্শক্রমে ১০ম–২০তম গ্রেডের কোন কর্মকর্তা-কর্মচারীদের বদলী করা হলে; তা পরিবর্তনের ক্ষেত্রে মন্ত্রণালয়ের পরামর্শ গ্রহণ করতে হবে।

### ৫.৪ বদলির আবেদন ও বিবেচনা

(ক) বদলির আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অধিদপ্তর/মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। যথাযথ প্রক্রিয়ায় বদলির আবেদন ব্যতীত অন্য কোন প্রক্রিয়ায় বদলীর আবেদন বিবেচনা করা হবে না।

(খ) আবেদন প্রাপ্তির পর কর্মকর্তার কর্মদক্ষতা, শৃঙ্খলা পর্যালোচনা ও বর্তমান কর্মস্থলে অবস্থানকাল সংক্রান্ত তথ্য-উপাদান যাচাই-বাছাইপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
(গ) উক্ত তালিকার ভিত্তিতেই বদলি/পদায়নের এই নীতিমালার আলোকে সিদ্ধান্ত গৃহীত হবে।
(ঘ) প্রশাসনিক প্রয়োজনে উপযুক্ত কর্তৃপক্ষ এই নীতিমালার আলোকে আবেদন ব্যাতীত বদলী/পদায়ন করতে পারবে।

**৫.৫ বিশেষ বিবেচনা**

(ক) **অবসরপূর্ব বদলি:** অবসর গ্রহণের ২ (দুই) মাস পূর্বে প্রশাসনের সুবিধার্থে কর্মকর্তা/কর্মচারীর আবেদনের পরিপ্রেক্ষিতে তাকে সুবিধাজনক কোনো দপ্তরে বদলি করা যাবে।
(খ) **চিকিৎসাজনিত কারণে বদলি:** দীর্ঘমেয়াদী জটিল রোগে আক্রান্ত কর্মকর্তা-কর্মচারী বা তার উপর নির্ভরশীল পরিবারের সদস্যের চিকিৎসার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে বিশেষ বদলি বিবেচনা করা যাবে। আবেদনের সাথে চিকিৎসা সংক্রান্ত প্রমাণক যুক্ত করতে হবে।
(গ) **নারী কর্মকর্তা-কর্মচারী:** নারী কর্মকর্তা-কর্মচারীদের স্বামীর কর্মস্থলের নিকটবর্তী এলাকায় বদলির জন্য অগ্রাধিকার দেওয়া হবে।
(ঘ) **শারীরিক প্রতিবন্ধী কর্মকর্তা-কর্মচারী:** শারীরিক প্রতিবন্ধী কর্মকর্তা-কর্মচারীদের জন্য সুবিধাজনক কর্মস্থল বাছাইয়ে বিশেষ বিবেচনা করা হবে।
(ঙ) **ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কর্মকর্তা-কর্মচারী:** সংখ্যালঘু ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কর্মকর্তা-কর্মচারীদের নিজস্ব সংস্কৃতি ও ঐতিহ্য রক্ষার স্বার্থে বিশেষ এলাকায় পদায়নে অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
(চ) **স্বামী-স্ত্রী উভয়ের কর্মস্থল:** স্বামী-স্ত্রী উভয়ই যদি সরকারি চাকরিজীবী হন, তবে তাদের একই বা নিকটবর্তী কর্মস্থলে পদায়নের জন্য অগ্রাধিকার প্রদান করতে হবে।
(ছ) কোন ইউনিটে কোন একটি ট্রেডে একক প্রশিক্ষক থাকলে তাকে বদলীর ক্ষেত্রে আবশ্যিকভাবে উক্ত ট্রেডে অন্য একজন প্রশিক্ষককে পদায়ন করতে হবে। কোন প্রশিক্ষককে তার ট্রেডের বাইরে বদলি/পদায়ন করা যাবে না।
(জ) প্রশিক্ষণ কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষার স্বার্থে কোন ইউনিটে কোন একটি ট্রেডের সকল পদ শূন্য করে বদলী/পদায়ন প্রদান করা যাবে না।

**৫.৬ যোগদান ও শৃঙ্খলা**

(ক) পদোন্নতির মাধ্যমে/সাধারণ বদলীর আদেশ জারির ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে কর্মকর্তা-কর্মচারীকে নির্ধারিত কর্মস্থলে যোগদান করতে হবে। কোন কর্মকর্তা ১৫ (পনেরো) দিনের মধ্যে যোগদান না করলে, তিনি স্বয়ংক্রিয়ভাবে বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য অবমুক্ত হবেন। তবে বিশেষ কারণে যোগদান করতে বিলম্ব হলে ১৫ (পনেরো) কার্যদিবস সমাপ্ত হবার পূর্বেই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে অনুমতি গ্রহণ করতে হবে।
খ) নির্ধারিত সময়ের মধ্যে যোগদান না করলে তা শৃঙ্খলাভঙ্গ হিসেবে গণ্য হবে এবং বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
(গ) যোগদানের পর প্রেষণ/বদলি সংক্রান্ত সকল তথ্য GEMS-এ হালনাগাদ করতে হবে।

**৫.৭ সদর দপ্তর ও মাঠ পর্যায়ে বদলি**

(ক) সদর দপ্তরে দীর্ঘদিন ধরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মাঠ পর্যায়ের এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সদর দপ্তরে বদলির মাধ্যমে অভিজ্ঞতার ভারসাম্য নিশ্চিত করতে হবে।

**৬. মেয়াদ ও পর্যালোচনা**

এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে এবং প্রয়োজনের নিরিখে প্রতি ৩ (তিন) বছর অন্তর পর্যালোচনা ও সংশোধন করা যাবে।

১১-১০-২০২৬
মোঃ মাহবুব-উল-আলম
সচিব

নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৫১.২২.০০২৮.২৬.৬০৮/১ (৭)

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১১ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , যুব উন্নয়ন অধিদপ্তর।
২। যুগ্মসচিব, যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), যুব-২ অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৬। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৭। অফিস কপি/মাস্টার কপি।

১১-১০-২০২৬
মোহাম্মদ উল্লাহ
উপসচিব